# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 08-08-2025** **Time: 7.50 PM.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটার তালিকায় কারচুপির অভিযোগে দুই WBCS আধিকারিক সহ ৫ জনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে রাজ্য সরকার কি পদক্ষেপ নিয়েছে, নির্বাচন কমিশন ৭২ ঘন্টার মধ্যে তা জানাতে বলেছে।

২) ভোটার তালিকার নিবিড় সংশোধনী কর্মসূচী নিয়ে আলোচনা করা হয়নি বলে অভিযোগ তুলে মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়েছে রাজ্য সরকার।

৩) আর জি কর মেডিকেল কলেজে ডাক্তারি পড়ুয়া চিকিৎসককে ধর্ষণ ও খুনের এক বছর পূর্ণ হওয়ার প্রেক্ষিতে রাজ্যজুড়ে ব্যাপক বিক্ষোভ আন্দোলনের প্রস্তুতি বিভিন্ন সংগঠনের। আগামীকালের নবান্ন ও কালিঘাট অভিযানের জন্য বিকল্প স্থান নির্দিষ্ট করেছে কলকাতা পুলিশ।

৪) ভিন রাজ্যে বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের হেনস্থার অভিযোগ ভারতের মত গণতান্ত্রিক দেশে কাম্য নয় বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন।

৫) কেন্দ্রীয় সরকার প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার উপভোক্তাদের অর্থ সহায়তা চালিয়ে যেতে ১২ হাজার কোটি টাকার বেশি অনুমোদন করেছে।

৬) আজ ২২ শে শ্রাবণ। বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ বার্ষিকীতে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে তাঁকে স্মরণ করা হচ্ছে।

---

অবৈধভাবে ভোটার তালিকায় ভুয়ো ভোটারদের নাম যুক্ত করার অভিযোগে রাজ্যের দুই WBCS আধিকারিক সহ পাঁচ জনের সাসপেনশনের বিষয়ে রাজ্য সরকার কি পদক্ষেপ নিয়েছে, তা জানাতে নির্বাচন কমিশন রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে। মুখ্য সচিব মনোজ পন্থকে লেখা এক চিঠিতে কমিশন আগামী সোমবার দুপুর তিনটের মধ্যে এর জবাব দিতে বলেছে।

উল্লেখ্য, গত মঙ্গলবার রাজ্য সরকারকে পাঠানো চিঠিতে কমিশন দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর পূর্ব এবং পূর্ব মেদিনীপুরের ময়না বিধানসভা কেন্দ্রের দুই ইআরও, WBCS আধিকারিক এবং দুই এইআরও-কে সাসপেন্ড করার নির্দেশ দিয়েছিল। পাশাপাশি অস্থায়ী ডেটা এন্ট্রি অপারেটর সুরজিত্ হালদারের বিরুদ্ধেও এফআইআর দায়েরের নির্দেশ দেওয়া হয়।

এর আগে ঝাড়গ্রামের এক সভায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নির্বাচন কমিশনের এধরনের নির্দেশ দেওয়ার এক্তিয়ার নিয়ে প্রশ্ন তোলেন। পাশাপাশি কোনোরকম ব্যবস্থা নেওয়া হবে না বলেও ইঙ্গিত দিয়েছিলেন তিনি।

---

নির্বাচন কমিশন ভোটপ্রক্রিয়ার সঙ্গে যুক্ত সব স্তরের কর্মী, আধিকারিক, নিরাপত্তা কর্মীদের ভাতা সহ তাদের আহারাদি খরচ বৃদ্ধি করেছে। আজ কমিশনের তরফে জারি করা এক বিবৃতিতে প্রিসাইডিং অফিসার, কাউন্টিং সুপারভাইজারদের পারিশ্রমিক দিন প্রতি সাড়ে তিনশো টাকা থেকে বাড়িয়ে ৫০০ টাকা করার কথা জানানো হয়েছে। পোলিং অফিসারদের ক্ষেত্রে ভাতা ২৫০ টাকা থেকে বাড়িয়ে ৪০০, ভোট গণনার কাজে

যুক্ত সহকর্মীদের পারিশ্রমিক সাড়ে চারশো টাকা, বিভিন্ন কাজে যুক্ত চতুর্থ শ্রেণীর কর্মীদের পারিশ্রমিক দিন প্রতি ২০০ টাকা থেকে বাড়িয়ে সাড়ে তিনশো টাকা করা হয়েছে।

---------------------

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী **এসআইআর** নিয়ে বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত খবর নিয়ে রাজ্য সরকার প্রশ্ন তুলেছে। রাজ্যের স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে আজ চিঠি দিয়ে **এসআইআর** প্রসঙ্গে কমিশনের অবস্থান স্পষ্ট করার আবেদন জানিয়েছেন। খবরে প্রকাশিত হয়েছিল যে, মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর রাজ্যে বিশেষ নিবিড় ভোটার তালিকা সংশোধনের জন্যে তারা প্রস্তুত বলে নির্বাচন কমিশনকে জানিয়েছে। কিন্তু এই বিষয়ে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে রাজ্যের সঙ্গে কোনো পরামর্শ বা আলোচনা করা হয়নি বলেও চিঠিতে উল্লেখ করা হয়েছে। এমতঅবস্থায় সংবাদমাধ্যমে প্রকাশিত তথ্যের সত্যতা যাচাই করে কমিশনের অবস্থান স্পষ্ট করার বিষয়ে রাজ্য আবেদন জানিয়েছেন।

---------------------

দেশের জনবিন্যাসকে পরিবর্তন করতেই বিরোধী দলগুলি ভোটার তালিকা সংশোধনীর বিরোধিতা করছে বলে বিজেপি নেতা তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন। শান্তিনিকেতনে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, বিরোধিতার একটাই উদ্দেশ্য তালিকা থেকে বাংলাদেশী অনুপ্রবেশকারীদের নাম যাতে বাদ না যায়। সেই উদ্দেশ্যেই তারা আন্দোলন করছে।

বাইট

----------------------

R G Kar মেডিক্যাল কলেজে ডাক্তারি পড়ুয়ার ধর্ষণ ও খুনের এক বছরে রাজ্য জুড়ে ব্যাপক বিক্ষোভ আন্দোলনের প্রস্তুতি শুরু করেছে বিভিন্ন সংগঠন।

ডাক্তারি পড়ুয়া অভয়ার মা বাবার ডাকে আগামীকাল নবান্ন অভিযানে অংশ নিতে দলমত নির্বিশেষে সকলকে আহ্বান জানানো হয়েছে। দিল্লী থেকে ফিরে সাংবাদিকদের কাছে অভয়ার বাবা সিবিআই তদন্তের অগ্রগতির ব্যাপারে ক্ষোভ প্রকাশ করেন।

বাইট

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ সাংবাদিকদের কাছে বলেন, তৃণমূল কংগ্রেস সরকারের আমলে রাজ্যে ন্যায়বিচার পাওয়া সম্ভব নয়। আগামীকালের আন্দোলনের নেতৃত্ব দেবেন অভয়ার পরিবার। বিরোধী দলনেতাও সকল সামাজিক সংগঠন এবং রাজনৈতিক ব্যক্তিত্বদের মিছিলে যোগ দেওয়ার আহ্বান জানান।

বাইট

গত বছর ৯ ই আগস্ট চিকিৎসক তরুণীর ধর্ষণ ও নৃশংস হত্যার বিষয়টি প্রকাশ্যে আসে। এই ঘটনায় সুবিচার ও অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে আজ West Bengal Junior Doctors' Front রাত ৯ টায় কলকাতার কলেজ স্কোয়ার থেকে শ্যামবাজার পর্যন্ত মশাল মিছিল করবে। আগামীকাল অভয়া মঞ্চের তরফে কালিঘাট চলো অভিযানেরও ডাক দেওয়া হয়েছে। R G Kar মেডিক্যাল কলেজে পড়ুয়া, সাধারণ মানুষ প্রতিবাদ সমাবেশের ডাক দিয়েছেন।

এছাড়া আজ রাত ১২ টা থেকে আগামীকাল ভোর পর্যন্ত শ্যামবাজার পাঁচমাথার মোড়ে সারারাতব্যাপী রাত দখল কর্মসূচি গ্রহণ করা হয়েছে। দক্ষিণ কলকাতার নেতাজি নগরেও সমাবেশের আয়োজন করেছে অভয়া মঞ্চ।

আর জি কর কাণ্ডে সঠিক তদন্তের দাবিতে প্রদেশ কংগ্রেস আজ নিউটাউনে সিবিআই দপ্তর ঘেরাও কর্মসূচীর ডাক দিয়েছে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার এর নেতৃত্ব দেবেন।

---------------------

নবান্ন অভিযান বা কালিঘাট অভিযানে কলকাতা ও রাজ্য পুলিশ কোনোভাবেই অনুমতি দেবে না বলে জানিয়ে দিয়েছে। এর পরিবর্তে তারা দুটি বিকল্প জায়গা আন্দোলনের জন্য নির্দিষ্ট করে দিয়েছে। নিয়ম না মানলে কড়া পদক্ষেপ করা হবে বলেও জানানো হয়েছে। আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে এডিজি দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার বলেন, নবান্ন অভিযানের জন্য বিকল্প জায়গা হিসাবে হাওড়ার সাঁতরাগাছি বাসস্ট্যান্ড এবং কালিঘাট অভিযানের জন্য রাণী রাসমণি অ্যাভিনিউ চত্বরকে নির্দিষ্ট করেছে পুলিশ।

বাইট

কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা আন্দোলনকারীদের কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে শান্তিপূর্নভাবে অভিযানে অংশ নেওয়ার আবেদন জানান। আগামীকালের অভিযানের জন্য অনুমতি চেয়ে কোনো সংগঠনের তরফে পুলিশের সঙ্গে যোগাযোগ করা হয়নি বলেও তারা জানিয়েছেন।

---------------------

অভয়া মঞ্চের ডাকে কালিঘাট অভিযানের বিরুদ্ধে দায়ের মামলায় কোনো লিখিত নির্দেশ দেয়নি কলকাতা হাইকোর্ট। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ বলেন, এই ধরনের মামলা তিনি এবার থেকে আর শুনবেন না। গতকাল আদালতের ডিভিশন বেঞ্চ পর্যবেক্ষণে

জানিয়েছে, সংগঠকরা মিছিল বা জমায়েত করতেই পারেন, আইন অমান্য করলে পুলিশ প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।

---------------------

ভিন রাজ্যে বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের হেনস্থার অভিযোগ ভারতের মত গনতান্ত্রিক দেশে কখনই কাম্য নয় বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন। রাজভবনে আজ টাটা স্টিল ওয়ার্ল্ডের একটি চিত্র কর্মশালার উদ্বোধন করে সাংবাদিকদের তিনি বলেন, কেন্দ্রীয় সরকার অবশ্যই এ বিষয়ে সদর্থক পদক্ষেপ নেবে।

বাইট

---------------------

কেন্দ্রীয় সরকার প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার উপভোক্তাদের ২০২৫-২৬ সালেও অর্থ সহায়তা চালিয়ে যাওয়ার অনুমোদন দিয়েছে। এজন্য খরচ ধরা হয়েছে ১২ হাজার কোটি টাকার বেশি। নতুন দিল্লীতে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে মন্ত্রিসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো একথা জানান।

---------------------

আজ বাইশে শ্রাবণ। বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ বার্ষিকীতে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে তাঁকে স্মরণ করা হচ্ছে। একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

---------------------

প্রসার ভারতীর মুখ্য কার্যনির্বাহী আধিকারিক গৌরব দ্বিবেদী আজ বলেছেন তথ্য, শিক্ষা ও বিনোদন জগতে আরো বেশি সংখ্যায় মানুষের অংশগ্রহণে সংস্থা কাজ করে চলেছে। নতুন দিল্লীতে WAVES OTT প্লাটফর্মে ম্যাগাজিন স্টোর এর সূচনা অনুষ্ঠানে তিনি উপস্থিত ছিলেন।

--------------------- ---------------------